# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

**বিষয় কোড : 1 4 3**

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রানা ক্লথ স্টোরস নামে জনাব আরিফের একটি কাপড়ের ব্যবসায় রয়েছে। জানু-ফেব্রুয়ারি মাসে হরতালের কারণে অনেকদিন দোকান বন্ধ রাখতে হয়েছিল। তাই বিক্রয় কম হওয়ায় মূলধন আটকে গিয়েছিল। জনাব আরিফ আগামী ঈদে বিগত সময়ের ক্ষতি পুষিয়ে নেওয়ার কথা ভাবছেন।

ক. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? ১

খ. ব্যবসায় বাণিজ্যের সফলতা অর্থনৈতিক পরিবেশের ওপর কতটুকু নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরিফের ব্যবসায়ে কোন পরিবেশের প্রভাব পরিলক্ষিত হয়? বর্ণনা কর। ৩

ঘ. ব্যবসায়িক পরিবেশের কোন উপাদানের ফলে জনাব আরিফ বিগত সময়ের ক্ষতি পুশিয়ে নিতে পারবেন তা বিশ্লেষণ কর। ৪

২. আতিক দীর্ঘদিন ইংল্যান্ডের একটি হস্তশিল্প বিপণন কেন্দ্রে কাজ করতেন। দেশে ফিরে তিনি তার নিজ এলাকায় হস্তশিল্পের কারখানা তৈরি করলেন। উৎপাদিত পণ্যসামগ্রী তিনি নিজেই ইংল্যান্ড, কানাডা ও জাপানে রপ্তানি করে বেশ সুখ্যাতি অর্জন করেছেন। তিনি ঢাকার অভিজাত এলাকায় একটি বিপণন কেন্দ্র খোলার কথা ভাবছেন।

ক. ব্যবসায় উদ্যোগ উন্নয়নে অন্যতম বাধা কোনটি? ১

খ. ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির মধ্যে সম্পর্ক নির্ণয় কর। ২

গ. আতিকের ঢাকায় বিপণন কেন্দ্র খোলার ভাবনাটি কতটা যৌক্তিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আতিকের ব্যবসায়টি দারিদ্র্য বিমোচনে বিরাট ভূমিকা পালন করছে" মতামতের স্বপক্ষে তোমার যুক্তি উপস্থাপন কর। ৪

৩. সুমন ও তার ৪ বন্ধু একত্রে একটি তৈরি পোশাক শিল্প স্থাপন করে। ব্যবসায়টি প্রথমদিকে ভালো মুনাফা অর্জন করল। কিছুদিন পর সুমন নিজে একটি প্রতিষ্ঠান দিতে চাওয়ায় তাদের মধ্যে সন্দেহ দেখা দেয়। এ অবস্থায় ব্যবসায়টি বিলোপের জন্য লিখিত পত্র প্রদান করা হয়।

ক. শিল্প বিপ্লব কী? ১

খ. সমবায়ের মৌলিক আদর্শটি বর্ণনা কর। ২

গ. সুমন ও তার বন্ধুদের ব্যবসায়টি মালিকানার ভিত্তিতে কোন ধরনের তা বর্ণনা কর। ৩

ঘ. সুমনদের ব্যবসায় সংগঠনটির ক্ষেত্রে কোন ধরনের বিলোপসাধন ঘটবে তা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. KFC আমেরিকার একটি প্রতিষ্ঠানের শাখা যার ফ্রানসাইজিং হলো বাংলাদেশ ট্রান্সকম লিঃ। এ ব্যবসায়ে বিভিন্ন চুক্তি লাগে, তবে বাংলাদেশে এ ব্যবসায় উজ্জ্বল সম্ভাবনা রয়েছে।

ক. BSTI এর ইংরেজি পূর্ণরূপটি লিখ। ১

খ. একজন ব্যবসায়ীর গুরুত্বপূর্ণ কাজটি উল্লেখ করে বর্ণনা কর। ২

গ. ফ্রানসাইজিং এর চুক্তির মধ্যে কী কী বিষয় অন্তর্ভুক্ত থাকা উচিত বলে তুমি মনে কর? ৩

ঘ. ফ্রানসাইজিং ব্যবসায়ের সুবিধা ও অসুবিধা মূল্যায়ন কর। ৪

৫. প্রথমে আজাদ প্রোডাক্টসের মালিক জনাব আবুল কালাম আজাদ তার বৃত্তির টাকা দিয়ে পোস্টার বিক্রয় করা শুরু করেন। তিনি শহর থেকে পাইকারি দামে পোস্টার কিনে লাভজনক দামে তা নিজ পাড়ায় বিক্রয় করতেন। এরপর কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের ফলে আজ তিনি নিজেই একজন সফল প্রতিষ্ঠানের মালিক।

ক. সম আয়-ব্যয় বিশ্লেষণ কী? ১

খ. ম্যাক্রোস্ক্রিনিং ও মাইক্রোস্ক্রিনিং এর মধ্যে পার্থক্য লিখ। ২

গ. জনাব আজাদ কী ধরনের সম্ভাব্য সমস্যার সম্মুখীন হয়ে বর্তমানে আজাদ প্রোডাক্টসের প্রতিষ্ঠাতা হয়েছেন-তা বর্ণনা কর। ৩

ঘ. আজাদ প্রোডাক্টসের মতো একটি প্রকাশনা করতে কী ধরনের কার্যপ্রক্রিয়া করতে হবে বলে তুমি মনে কর তা বিশ্লেষণ কর। ৪

৬. জনাব আসিফ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি তাঁর প্রতিষ্ঠানের কর্মীবৃন্দের যে আদেশ দিয়ে থাকেন তা পালন করতে কর্মীরা বাধ্য হয়। তিনি তিনি মনে করেন কর্মীদের মতামত নিয়ে কাজ করলে তারা সুবিধাপ্রবণ হবে। তাই তিনি তাদের প্রতি নেতিবাচক ধারণা পোষণ করে এবং সবসময় চাপের মুখে রাখেন।

ক. যেকোনো কাজের মূল জিনিস কোনটি? ১

খ. ব্যবস্থাপনার বৈশিষ্ট্যগুলো উল্লেখ কর। ২

গ. জনাব আসিফের নেতৃত্বের ধরন চিহ্নিত কর। ৩

ঘ. তোমার মতে জনাব আসিফের কী ধরনের নেতৃত্ব গ্রহণ করা উচিত-আলোচনা কর। ৪

http://teachingbd.com

৭. রানা ট্রেডার্সের মালিক আনোয়ার হোসেন। তিনি নিজস্ব পরিবহন ব্যবস্থার মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে উৎপাদিত পণ্যসামগ্রী সরবরাহ করেন। অভ্যন্তরীণ বাণিজ্যে তাদের পণ্য বিরাট ভূমিকা পালন করছে। বর্তমানে তারা নতুন নতুন কৌশল ও প্রযুক্তি ব্যবহার করে বৈদেশিক বাণিজ্যে দেশীয় পণ্য রপ্তানির চিন্তাভাবনা করছেন।

ক. লিফলেট কী? ১

খ. প্রমিতকরণ ও পর্যায়িতকরণের মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকে রানা ট্রেডার্সের অভ্যন্তরীণ বাণিজ্য প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ৩

ঘ. রানা ট্রেডার্সের জন্য বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে দেশীয় পণ্যের স্থান করে নেয়া একটি বড় চ্যালেঞ্জ —বিশ্লেষণ কর। ৪

৮. জনাব রায়হান একটি ক্ষুদ্র শিল্প স্থাপনের জন্য সিদ্ধান্ত নিলেন। তার পুঁজি প্রয়োজনের তুলনায় কম এবং তার সহজ শর্তে পুঁজি সংগ্রহ করা প্রয়োজন। রায়হান সাহেব জানেন বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে সফলতা অর্জন করতে হলে প্রয়োজন সরকারি বেসরকারি বিভিন্ন রকম সহায়তা।

ক. বিসিকের প্রধান কী? ১

খ. ব্র্যাক এর কার্যক্রমগুলো উল্লেখ কর। ২

গ. জনাব রায়হানের ক্ষুদ্র শিল্প স্থাপনে কোন ধরনের সহায়তা প্রয়োজন —বর্ণনা কর। ৩

ঘ. জনাব রায়হান বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক থেকে কী কী সহায়তা পেতে পারে বলে তুমি মনে কর? ৪

৯. বর্তমান বিশ্ব বাণিজ্যে টিকে থাকতে দেশে-বিদেশে অনেক প্রতিষ্ঠান সামাজিক কার্যক্রমে আসছে। এরই ধারাবাহিকতায় ডাচ-বাংলা প্রতিবছর তাদের মুনাফার অংশ থেকে গরীব ছাত্রছাত্রীদের কোটি টাকার বৃত্তি প্রদান করে আসছে। আর তাই বৃত্তির আওতায় থাকায় গফুর তার ছেলেকে নিয়ে স্বপ্ন দেখতে শুরু করেছে।

ক. স্যামসন এইচ চৌধুরীর সাফল্যের ভিত্তি কোনটি? ১

খ. ক্রেতা ও ভোক্তার প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতা কীরূপ? ২

গ. "ডাচ বাংলা ব্যাংকের কাজটি সামাজিক দায়বদ্ধতার প্রতিফলিত রূপ"? উক্তিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. গফুরের মতো দেশের হাজার পিতার স্বপ্ন পূরণে উদ্দীপকের ব্যাংকটির মতো দেশের অন্যান্য প্রতিষ্ঠানগুলোর ভূমিকা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# ব্যবসায় উদ্যোগ : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : 1 4 3

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক রবার্ট ওয়েন খ হেনরি ফেওয়েল
গ এফ. ডাব্লিউ টেইলর ঘ আর. ডস. ডেভিস

২. **নিচের কোনটি মুক্ত নেতৃত্ব?**
ক নেতা কর্মীদের জবাবদিহিতা আদায় করেন না
খ নেতা কর্মীদের সামর্থ্যের উপর আস্থা রাখেন না
গ নেতা কর্মীর মতামত গ্রহণ করেন
ঘ নেতা কর্মীদের আদেশ দিয়ে কাজ আদায় করে নেন

**নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
আদিল একটি প্রতিষ্ঠানের এম.ডি। তিনি অফিসের কর্মকর্তাদের কাছ থেকে প্রতি মাসে উৎপাদন পরিস্থিতি সম্পর্কে রিপোর্ট নেন। এছাড়া প্রতিটি বিভাগে নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য পরামর্শ প্রদান করেন।

৩. **উদ্দীপকের আদিলের সামগ্রিক কাজ ব্যবস্থাপনার কোন কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ?**
ক পর্যবেক্ষণ খ তত্ত্বাবধান
গ নিয়ন্ত্রণ ঘ পরিদর্শন

৪. **জনাব আদিলের এ ধরনের কাজ যে ভূমিকা রাখবে তা হলো—**
i. উৎপাদনের মান আগের চেয়ে বৃদ্ধি পাবে
ii. যারা কাজ করে তারা উৎসাহিত হবে
iii. যারা কাজ ফাঁকি দেয় তারা সতর্ক হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৫. **পাইকারের কাজ হলো—**
i. ক্রয়
ii. বিক্রয়
iii. গুদামজাতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৬. **গুদামজাতকরণ পণ্যের কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক স্বত্বগত খ সময়গত
গ ঝুঁকিগত ঘ স্থানগত

৭. **ব্র্যাক শুরুতে কী উদ্দেশ্য নিয়ে কাজ করে?**
i. ত্রাণ-প্রদান
ii. পুনর্বাসন
iii. অর্থ গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৮. **স্যামসন এইচ চৌধুরীর স্বপ্ন ছিল কোনটি?**
ক ধনী হওয়ার খ সেবা করার
গ স্কয়ারকে বড় করার ঘ দেশের উন্নয়ন

৯. **জহুরুল ইসলাম টিম্বার কারখানা কোথায় স্থাপন করেন?**
ক ঢাকা খ সাভার
গ গাজীপুর ঘ চট্টগ্রাম

১০. **শাহিদা বেগমকে সফলতা এনে দিয়েছে—**
i. দৃঢ় মনোবল
ii. পরিশ্রম
iii. মূলধন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১১. **পণ্যদ্রব্য উৎপাদন সংক্রান্ত কাজকে কী বলে?**
ক শিল্প খ ব্যবসা গ বাণিজ্য ঘ পেশা

১২. **কোনটি একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার?**
ক সম্পদের সুষ্ঠু ব্যবহার
খ ব্যবসা-বাণিজ্য
গ আত্মকর্মসংস্থানমূলক কাজ
ঘ বৈদেশিক বাণিজ্য

১৩. **মধ্যযুগে প্রচলন ঘটে—**
i. কাগজি মুদ্রার
ii. বাজার ও শহরের
iii. বৃহদায়তন উৎপাদনের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. **বিমা ব্যবস্থার প্রচলন ঘটে কোন যুগে?**
ক প্রাচীনযুগে খ আধুনিক যুগে
গ মধ্যযুগে ঘ প্রাগ ঐতিহাসিক যুগে

১৫. **সামাজিক স্থিতিশীলতা ব্যবসায়ে উদ্যোগের ক্ষেত্রে কোন পরিবেশ সৃষ্টি করে?**
ক প্রতিকূল পরিবেশ খ অনুকূল পরিবেশ
গ প্রাকৃতিক পরিবেশ ঘ সেবাগত পরিবেশ

১৬. **ব্যবসায় উদ্যোগ অবদান রাখতে পারে—**
i. মানবসম্পদ উন্নয়নে
ii. দেশের আয় বৃদ্ধিতে
iii. বেকার সমস্যা সমাধানে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **প্রকৃত উদ্যোক্তাগণ কোনটি করে থাকেন?**
ক অন্যের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ
খ আত্মবিশ্বাসী হন
গ অল্প ঝুঁকিসম্পন্ন কাজ গ্রহণ
ঘ অধিক ঝুঁকিপূর্ণ কাজ গ্রহণ

১৮. **ব্যবসায়ীদের কর মওকুফ ও বিনা সুদে মূলধন সরবরাহে সহায়তা করে কে?**
ক বৈদেশিক কূটনীতিবিদ খ এনজিও
গ সরকার ঘ ভোক্তা

১৯. **বাংলাদেশের অর্থনীতিতে শিল্পখাতের অবদান কত ভাগ?**
ক ২০ ভাগ খ ৩০ ভাগ
গ ৪০ ভাগ ঘ ৫০ ভাগ

Teachingbd.com

২০. আত্মকর্মসংস্থানের মাধ্যমে সফলতা সম্ভব হয়—
i. কঠোর পরিশ্রমের কারণে
ii. অধিক পুঁজি বিনিয়োগের কারণে
iii. সুযোগের সঠিক ব্যবহারের কারণে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. **পেশাভিত্তিক ব্যবসায় কোনটি?**
ⓚ ডাক্তারি ⓚ রেস্টুরেন্ট
ⓖ শাকসব্জি ⓖ চায়ের দোকান

২২. **ফারহীন ও লগ্ন অংশীদারি ব্যবসা গড়ে তুলতে ইচ্ছুক। ব্যবসায়টির মূল ভিত্তি কোনটি?**
ⓚ চুক্তিপত্র ⓚ দলিল
ⓖ অংশীদার ⓖ চুক্তি

২৩. **কোন কোম্পানি ঋণপত্র বিক্রি করতে পারে?**
ⓚ সরকারি ⓚ প্রাইভেট
ⓖ পাবলিক ⓖ অনিবন্ধিত

২৪. **ভূমিহীনদের জন্য সরকারি কর্মসূচির আওতায় প্রাথমিক সমবায় সমিতি গঠিত হলে এজন্য ট্রেজারি চালান কত হবে?**
ⓚ ২০০০ টাকা ⓚ ১০০০ টাকা
ⓖ ১০০ টাকা ⓖ ৫০ টাকা

২৫. **রাষ্ট্রীয় ব্যবসায়ের মূলধনের যোগানদাতা—**
i. ব্যবসায়ী
ii. সরকার
iii. জনগণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৬. **দেশের শিল্প বিকাশে সহায়ক—**
i. কয়লা
ii. চুনাপাথর
iii. বনজ সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৭. **কিসের মাধ্যমে আবিষ্কারকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত একচেটিয়া মালিকানা দেয়া হয়?**
ⓚ কপিরাইট ⓚ পেটেন্ট
ⓖ ট্রেডমার্ক ⓖ সার্টিফিকেট

২৮. **বর্তমানে কম্পিউটারের কোনটি কপিরাইট দ্বারা সংরক্ষিত হয়?**
ⓚ হার্ডওয়্যার ⓚ সফটওয়্যার
ⓖ হার্ডডিস্ক ⓖ ফ্লপিডিস্ক

২৯. **নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান কোনটি?**
ⓚ BTSI ⓚ DCCI
ⓖ BSTI ⓖ FBCCI

৩০. **লুৎফা সানজিদার প্রাথমিক মূলধন কত টাকা?**
ⓚ ১০ হাজার ⓚ ১৫ হাজার
ⓖ ২০ হাজার ⓖ ৩০ হাজার

■ **নিচের উদ্দীপকের আলোকে ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও :**
হঠাৎ করে প্রতিযোগিতা বৃদ্ধি পাওয়ায় জনাব আশরাফ তার উৎপাদিত পণ্যের চাহিদা কমে যাবার আশঙ্কা করছেন। পরবর্তীতে তিনি প্রত্যাশিত মুনাফা অর্জনে ব্যর্থ হন।

৩১. **জনাব আশরাফের উৎপাদিত পণ্যের চাহিদা কমে যাওয়ার আশঙ্কাকে কী বলে?**
ⓚ লোকসান ⓚ আর্থিক ঝুঁকি
ⓖ প্রতিযোগিতা ⓖ ব্যবসায়িক ঝুঁকি

৩২. **প্রত্যাশিত মুনাফা অর্জিত না হওয়াকে কী বলে?**
ⓚ ঝুঁকি ⓚ ক্ষতি
ⓖ অনিশ্চয়তা ⓖ সম্ভাবনা

৩৩. **ব্যবসায় পরিকল্পনা মালিকের ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে কী হিসেবে কাজ করে?**
ⓚ দলিল ⓚ দিকনির্দেশনা
ⓖ সহায়ক ⓖ নিয়ন্ত্রক

৩৪. **সাফিনা একের অধিক প্রকল্প যথোপযুক্ত মনে করছেন। এটি ঘটবে—**
ⓚ প্রকল্প যাচাইয়ে ⓚ প্রকল্প নির্বাচনে
ⓖ প্রতিবেদন প্রণয়নে ⓖ পরিকল্পনায়

৩৫. **সালমাদের ব্যবসায়ে অতিরিক্ত মূলধন প্রয়োজন। এজন্য তাকে সাহায্য নিতে হবে—**
i. ব্যাংক
ii. লগ্নীকারীর
iii. কর্মীর
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ⓖ iii ⓖ i ও ii

৩৬. **সম আয়-ব্যয় বিশ্লেষণে লাভ-ক্ষতির অবস্থা কীরূপ হয়?**
ⓚ অসমান ⓚ সমান
ⓖ শূন্য ⓖ কম-বেশি

৩৭. **উৎপাদন + বিক্রয় উপরিব্যয়?**
ⓚ মুখ্য ব্যয় ⓚ কারখানা ব্যয়
ⓖ মোট ব্যয় ⓖ বিক্রয়মূল্য

৩৮. **আর্থিক দিকের বিষয়বস্তু হলো—**
i. প্রকল্পের ব্যয় নিরূপণ
ii. অর্থায়নের উপায়
iii. মূলধন বিনিয়োগ থেকে সম্ভাব্য লাভ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৯. **ক্ষুদ্র, মাঝারি ও কুটিরশিল্প গড়ে উঠার সুবিধা হলো—**
i. স্বল্প মূলধন
ii. স্থানীয় কাঁচামাল
iii. ব্যক্তিগত নৈপুণ্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪০. **কীসের উপর শিল্পের সাফল্য নির্ভরশীল?**
ⓚ মূলধন ⓚ দক্ষ শ্রমিক
ⓖ আধুনিক প্রযুক্তি ⓖ বিদেশি বিশেষজ্ঞ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | খ |

Teachingbd.com